



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-বিবিধ/৯৭৫

তারিখ : ২২/০২/২০১৭

## জরুরি বিজ্ঞপ্তি


বিষয়ঃ ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্নকরণের লক্ষ্যে eSIF অনলাইনে পূরণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার লক্ষ্যে আগামী ২৬/০২/২০১৭ তারিখ হতে ২০/০৩/২০১৭ তারিখ পর্যন্ত অনলাইনে শিক্ষার্থীদের ছবিসহ eSIF পূরণ করার জন্য অনুরোধ করা হলো।

উর্পযুক্ত বিষয়ে নিম্নের নিয়মাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

- ১। অনলাইন/ম্যানুয়াল/টিসি যে পদ্ধতিতেই শিক্ষার্থী ভর্তি করানো হোক না কেন, বর্তমানে শিক্ষার্থী যে কলেজে অধ্যয়নরত আছে সেই কলেজেই শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। ভর্তি বাতিলকৃত এবং টিসি প্রদানকৃত শিক্ষার্থীদের কোনক্রমেই eSIF পূরণ করা যাবে না।
- ২। (ক) eSIF পূরণে শিক্ষার্থীর ছবিসহ নাম, পিতার নাম, মাতার নাম, বিভাগ, বিষয়সমূহ ইত্যাদি যাবতীয় তথ্য নির্ভুল হতে হবে।  
(খ) ডাটা এন্ট্রির সময় ছবিসহ শিক্ষার্থীর এসএসসি পাশের রোল নম্বর, পাশের সন, রেজিস্ট্রেশন নম্বর, বোর্ড ইত্যাদিতে ক্লিক করার সময় অধিক সতর্কতা অবলম্বন করতে হবে যাতে সংশ্লিষ্ট শিক্ষার্থীর তথ্য বাদ পড়ে অন্য শিক্ষার্থীর তথ্য সন্নিবেশিত না হয়।  
(গ) অবশ্যই কলেজের অনুমোদিত বিভাগ/বিষয় অনুসরণ করে eSIF পূরণ করতে হবে। এ কারণে পরবর্তীতে কোন জটিলতা সৃষ্টি হলে বোর্ড তা নিরসন করবে না।  
(ঘ) কোন শিক্ষার্থীর বিভাগ/বিষয় পরিবর্তনের ফি জমা করা থাকলে তার আবেদন অনুযায়ী প্রার্থীত বিভাগ/বিষয়সমূহসহ শিক্ষার্থীর ডাটা এন্ট্রি করতে হবে। পরবর্তীতে বিভাগ/বিষয় পরিবর্তন/সংশোধন করা হবে না।  
(ঙ) শিক্ষার্থীর ডাটা এন্ট্রিতে কোন সমস্যা দেখা দিলে তার ভর্তি রেজিস্টার, ভর্তি ফরম, টটলিস্ট ও এসএসসি পাশের ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি, বিভাগ/বিষয় জটিলতার ক্ষেত্রে উক্ত বিভাগ/বিষয় খোলার অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপিসহ আগামী ২৩/০৩/২০১৭ তারিখের মধ্যে অবশ্যই কলেজ পরিদর্শকের নিকট আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।  
(চ) শিক্ষার্থীর সকল তথ্য শতভাগ নির্ভুল করার লক্ষ্যে কলেজের কমপক্ষে ০৩(তিন) জন অভিজ্ঞ শিক্ষক সমন্বয়ে দুটি যাচাই কমিটি গঠন করতে হবে।  
(ছ) প্রথম যাচাই কমিটি শিক্ষার্থীদের ডাটা এন্ট্রির কপি ছবিসহ যাবতীয় তথ্য শিক্ষার্থীর টটলিস্টের সাথে (তঁার বিভাগ/বিষয় পরিবর্তনের ক্ষেত্রে আবেদন মোতাবেক) যাচাই করে প্রয়োজনীয় সংশোধনসহ প্রিন্ট করবেন।  
(জ) প্রথম যাচাই কমিটি কর্তৃক যাচাইকৃত লিস্ট শিক্ষার্থীর ভর্তি ফরমের সাথে (তঁার বিভাগ/বিষয় পরিবর্তনের ক্ষেত্রে আবেদন মোতাবেক) পুনঃ যাচাই করবেন ২য় যাচাই কমিটি। এতে কোন ভুল পরিলক্ষিত হলে তা সংশোধন করে শিক্ষার্থীদের ছবি সম্বলিত হার্ডকপি (ফাইনাল) প্রিন্ট আউট বের করে শিক্ষার্থীদের স্বাক্ষর গ্রহণপূর্বক অধ্যক্ষের নিকট হস্তান্তর করবেন।  
(ঝ) অধ্যক্ষ ২য় যাচাই কমিটির স্বাক্ষরকৃত ও শিক্ষার্থীদের স্বাক্ষরিত ছবি সম্বলিত হার্ডকপি(ফাইনাল) অনুমোদনপূর্বক তা অনলাইনে সেড এর ব্যবস্থা করবেন।
- ৩। অধ্যক্ষ ২য় যাচাই কমিটি কর্তৃক স্বাক্ষরিত শিক্ষার্থীদের ছবি সম্বলিত হার্ডকপি (ফাইনাল) প্রিন্টেড কপি অধিক গুরুত্বসহকারে ভবিষ্যতে প্রয়োজনের জন্য অধ্যক্ষের অফিসে সংরক্ষণের ব্যবস্থা করবেন।

চেয়ারম্যানের আদেশক্রমে,

  
২২/০২/২০১৭

ড. মোঃ আশফাকুস সালেহীন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/ অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),

অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

